গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

স্মারক ন.-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৪.১৫/ ৮-১৭ (৭)

তারিখ : ১৩/০৮/১৪২৮ বঙ্গাব্দ
২৮/১১/২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৬-১৯ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ/ ২১ ডিসেম্বর ২০২১ থেকে ০৩ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ মেয়াদে শিক্ষা মন্ত্রণালয়াধীন বিভিন্ন সরকারি এবং এমপিওভুক্ত বেসরকারি কলেজ পর্যায়ে কর্মরত গ্রন্থাগারিক/সহকারী গ্রন্থাগারিকগণের জন্য আয়োজিত "৩৮-তম গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স" অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে গ্রন্থাগারিক/সহকারী গ্রন্থাগারিক (গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাধারী) ০৫ (পাঁচ) জন প্রশিক্ষণার্থী মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীগণের নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ১৪ ডিসেম্বর ২০২১ এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইলে doc_officer@naem.gov.bd এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে;

১. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক ন. মাউশি প্র/বা-ইউ/৫২৮০, তারিখ : ১০/০১/১৯৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫, তারিখ: ০৭/০৩/২০১৬ খ্রি: অনুসারে মনোনীত কর্মকর্তাদের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (**Stand Release**) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২. সরকারি কলেজে যাঁদের বয়স ৫৬ বছর অতিক্রম করেছে এবং বেসরকারি কলেজে যাঁদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে, তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।

৩. কোর্সে অংশগ্রহণকারীকে প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে মাসিক বেতন উল্লেখপূর্বক এমপিও এর কপি, সম্মতিপত্র, ব্যক্তিগত ই-মেইল আইডি এবং ১০ টাকা মূল্যমানের রেভিনিউ স্ট্যাম্প সংগে আনতে হবে।

৪. প্রশিক্ষণকালে নায়েম হোস্টেলে আসন শূন্য থাকা সাপেক্ষে বরাদ্দ দেওয়া যেতে পারে।

৫. প্রশিক্ষণকালীন থাকা, খাওয়া ও শিক্ষা সফর খরচ বাবদ জনপ্রতি কমপক্ষে মোট ১২,০০০/= (বারো হাজার) টাকা সঙ্গে আনতে হবে।

৬. অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতা পাবেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। এই বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীদের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পুরণ করে আনতে হবে।

৭. প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, সাম্প্রতিক তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং Education Institute Identification Number (EIIN) এর কপি সঙ্গে আনবে হবে।

৮. প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের বিষয়টি কোর্স সমন্বয়কের ই-মেইল doc_officer@naem.gov.bd অথবা কোর্স সমন্বয়ক জনাব মোশাররফা বেগম (০১৫৫৬৩৫১২০৪) অথবা জনাব মো: রফিকুল ইসলাম আকন্দ (০১৫৫৬৩৫১২০৫) এর সেল ফোনে ১৯ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে নিশ্চিত করতে হবে।

৯. যিনি বিগত তিন বছরের মধ্যে এ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁর এ প্রশিক্ষণে আসার প্রয়োজন নাই।

১০. মনোনীত প্রশিক্ষণার্থী ১৯ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ২১ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ০৯:০০ টায় নায়েম -এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ-সার্ভিস পয়েন্ট-এ রেজিস্ট্রেশন করতে হবে

২৮/১১/২০২১
(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক
প্রশিক্ষণ ও বাস্তবায়ন
ফোন : ০২-৫৫১৬৭৫৩০
info@naem.gov.bd

প্রাপক :
আঞ্চলিক পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
------------------------অঞ্চল।

স্মারক ন.-৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০২৪.১৫/ ৮-১৭/৭(১৫)

তারিখ : ১৩/০৮/১৪২৮ বঙ্গাব্দ
২৮/১১/২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা
২-৫. পরিচালক, প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/গবেষণা ও তথ্যায়ন, নায়েম, ঢাকা;
৬-৭. উপপরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
৯-১১। হোস্টেল সুপারিন্টেনডেন্ট, শহীদ মুক্তিযোদ্ধা/সোনার বাংলা/শহীদ জননী, নায়েম, ঢাকা;
১২. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, (আমন্ত্রণ পত্রটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. ডকুমেন্টেশন অফিসার, নায়েম, ঢাকা;
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা
১৫. অফিস নথি

২৮/১১/২০২১
(মো: রফিকুল ইসলাম আকন্দ)
ডকুমেন্টেশন অফিসার, নায়েম
ও
কোর্স সমন্বয়ক
মোবাইল : ০১৭১৮৫১৯০২৪

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
জাতীয়শিক্ষাব্যবস্থাপনাএকাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষাবিভাগ
শিক্ষামন্ত্রণালয়
নায়েমরোড, ধানমন্ডি, ঢাকা - ১২০৫
www.naem.gov.bd

# ব্যাংক হিসাবের তথ্যফরম

**(ছকটি ইংরেজিতে পূরণ করতে হবে)**

কোর্সেরনাম :
মেয়াদ:

| আইডিনম্বর | প্রশিক্ষণার্থীরনাম, পদবী, বিষয় ও প্রতিষ্ঠান | হিসাবেরনাম | ব্যাংকেরনাম ও শাখা | হিসাবনম্বর | রাউটিংনম্বর | প্রশিক্ষণভাতা (টাকায়) | মোবাইলনম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| 01 | | | | | | | |

Course Director/Coordinator

১। একাধিক ব্যাংকহিসাব থাকলে বেসরকারি ব্যাংক হিসাবেরতথ্য অগ্রাধিকারযোগ্য।
২। অনেক প্রশিক্ষণার্থী এখনও ৪ ডিজিটের হিসাবনম্বর ব্যবহার করে থাকতে পারেন। তাঁদেরকে সংশ্লিষ্ট ব্যাংক থেকে অন-লাইন হিসাবনম্বর জেনে তথ্যপ্রদানের অনুরোধ করা হলো।
৩। ব্যাংক হিসাবের তথ্যসমূহ ইংরেজিতে পূরণ করতে হবে।